দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 22 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 6

30

# শিক্ষা প্রতিষ্ঠানে শূন্যপদ পূরণে সিদ্ধান্ত গ্রহণ

গতকাল সকালে শিক্ষা মন্ত্রীর সচিবালয়স্থ অফিস কক্ষে শিক্ষা-মন্ত্রণালয়ের এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বৈঠকে সভাপতিত্ব করেন। (২য় পৃঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠানে

(১ম পৃঃ পর)

সভায় বিভিন্ন সরকারী কলেজে অধ্যক্ষের শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া সরকারী শিক্ষা প্রতিষ্ঠান-গুলিতে ছাত্র-ছাত্রীদের শিক্ষাদান যাতে কোন ক্রমেই ব্যাহত না হয় সেজন্য বিভিন্ন সরকারী কলেজ, স্কুল এবং প্রাথমিক বিদ্যালয়-সমূহের শূন্য পদগুলি পূরণের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয় এবং এসব পদসমূহ পূরণের প্রক্রিয়া ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আরো সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, প্রেসিডেন্টের ঘোষণা অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়সমূহে সহকারী প্রধান শিক্ষকের পদ সৃষ্টির বিষয়টি ত্বরান্বিত করা হইবে। বৈঠকে অবিলম্বে সায়েদাবাদ রেল ক্রসিং-এর কাছে শ্রমজীবী শিশুদের জন্য পথকলি-৩ বিদ্যালয় নির্মাণের কাজ শুরু করারও সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় নূতন প্রাথমিক বিদ্যা-লয়ের রেজিষ্ট্রেশন করার নীতিমালা সম্পর্কেও চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

শিক্ষা সচিব হেদায়েত আহমেদ এবং অতিরিক্ত সচিব নূরুদ্দিন আল মাসুদসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-গণ সভায় উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।